



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৯১.১৩-৩৮২৫

তারিখ : ১২/০৭/২০১৬ খ্রিঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর।  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।


বিষয়ঃ রত্না মন্ডল ও হাজেরা খাতুন মাঠ সংগঠকদ্বয়ের মেয়াদোত্তীর্ণ খেলাপীর তথ্য প্রেরণ।

সূত্রঃ-১ স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৯৫.১৩-৩৬৫০ তারিখঃ ২০/০৪/২০১৬ খ্রিঃ

সূত্রঃ-২ স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৯১.১৩-৩৫৭১ তারিখঃ ১৩/০৩/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের যশোর জেলার মনিরামপুর উপজেলার মাঠসংগঠকদ্বয়কে সূত্রস্ব পত্র-১ এবং ২ মূলে যথাক্রমে বেগম রত্না মন্ডল এবং বেগম হাজেরা খাতুনকে তাদের অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণের কারণে ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ায় সাময়িক বরখাস্ত করা হয়। মাঠ সংগঠক রত্না মন্ডলকে ১৫ই জুন, ২০১৬ এর মধ্যে তাঁর মেয়াদোত্তীর্ণ ৩,৭১,০০০/- (তিন লক্ষ একাত্তর হাজার) টাকা এবং হাজেরা খাতুনকে ৩০শে মে, ২০১৬ এর মধ্যে তাঁর মেয়াদোত্তীর্ণ ১১,৭০,৬৫১/- (এগার লক্ষ সত্তর হাজার ছয়শত একান্ন) টাকা আদায়ের জন্য ও আদায়ে ব্যর্থতায় চাকুরী হতে বরখাস্তের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি উপজেলা দপ্তর হতে উক্ত মাঠসংগঠকদ্বয়ের কার্যক্রমের অগ্রগতিসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের কোন তথ্য প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়নি। উল্লেখ্য, অদ্য ১২/০৭/২০১৬ খ্রিঃ প্রকল্পের অনলাইন সফটওয়্যারে উক্ত মাঠসংগঠকদ্বয়ের কার্যক্রম অগ্রগতি যাচাই-এ দেখা যায় যে, বেগম রত্না মন্ডল এর বিতরণকৃত ঋণ সেবামূল্যসহ ৭,৭১,৩৯৫/- (সাত লক্ষ একাত্তর হাজার তিনশত পঁচানব্বই টাকা) এবং বেগম হাজেরা খাতুনের ১৩,০৯,৭৭২/- (তের লক্ষ নয় হাজার সাতশত বাহাত্তর টাকা) মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। অর্থাৎ সাময়িক বরখাস্ত করার পর তাদের কার্যক্রম আরও অবনতি হয়েছে। তাই তাদের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার জন্য বিস্তারিত তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত মাঠ সংগঠকদ্বয়ের কার্যক্রমের অর্থাৎ অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ, মেয়াদোত্তীর্ণ খেলাপী, হস্তমজুদসহ বিস্তারিত তথ্যসমূহ আগামী ২০/০৭/২০১৬ খ্রিঃ মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
আরিফুল হক

উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৯১.১৩-৩৮২৫

তারিখ : ১২/০৭/২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ মনিরামপুর, জেলা : যশোর (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে উপরোক্ত বিষয়টি বাস্তবায়ন নিশ্চিত করতে হবে)।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপপরিচালক, বিআরডিবি, যশোর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. প্রকল্প পরিচালক (ইরেসপো) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

  
২২/৭/১৬

মোঃ সিফাত আজাদ  
সহকারী পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।